গাংনীতে বজ্রপাতে দুই নারীসহ তিনজন আহত, একটি গরুর মৃত্যু

গাংনী উপজেলার পৃথক তিনটি গ্রামে বজ্রপাতে দুই নারীসহ তিনজন আহত হয়েছেন। এছাড়া একটি গরুর মৃত্যু ও দুটি গাছ পুড়ে গেছে।

আজ শুক্রবার বিকেল সাড়ে পাঁচ টার দিকে বামন্দী ইউনিয়নের রামনগর পশ্চিমপাড়া এলাকায় কৃষক আব্দুর রশিদ ঝড় ও বৃষ্টির সময় একটি গরু গাছের সাথে বাঁধতে যান। এসময় হঠাৎ বজ্রপাত হলে গরুটি ঘটনাস্থলেই মারা যায়। মারাত্বক আহত হন কৃষক আব্দুর রশিদ (৬০)। এছাড়া ওই নারিকেল গাছের মাথার অংশ পুড়ে যায়। আব্দুর রশিদ ওই গ্রামের মৃতু চাঁদ মহম্মদ বিশ্বাসের ছেলে। আব্দুর রশিদ বাড়িতে নারকেল গাছের সাথে গুরুবাধতে গেলে নারিকেল গাছের উপর ও গরুর গায়ের উপর বজ্রপাত হয় । তাৎক্ষণিক গরুর এক পাশে নাড়িভুঁড়ি বেরিয়ে যাওয়ার উপক্রম হয় এবং গরুটি মারা যায়। এদিকে সন্ধ্যা সাতটার দিকে গুড়ি গুড়ি বৃষ্টি ও দমকা হাওয়ার সাথে বজ্রপাত ঘটে গাংনী পৌর এলাকার পশ্চিম মালশাদহ গ্রামের লাল্টু হোসেনের স্ত্রী পিঞ্জিরা খাতুন (৪৪) ও একই উপজেলার বাথানপাড়া গ্রামের মখলেছুর রহমানের স্ত্রী আনোয়ারা খাতুন (৪৫) মারাত্বক আহত হয়েছেন। আহত আনোয়ারা ও পিঞ্জিরা খাতুন গাংনী হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন।

আহত পিঞ্জিরা জানান, সন্ধ্যার দিকে ঝড় ও বৃষ্টির স্থে দমকা হচ্ছিল। হঠাৎ বিকট শব্দে বজ্রপাত ঘটে আমার বাড়ির শিড়ি ঘরের উপরে। আগুনের কুন্ডুলির মত বস্তু উঠানে গড়াগড়ি খাচ্ছিল দেখে আমি জ্ঞান হারিয়ে ফেলি। পরে প্রতিবেশীরা উদ্ধার করে হাসপাতালে নেন আমাকে। তার বাড়ির উপরে একটি গাছ পুড়ে গেছে বলেও জানান পিঞ্জিরা খাতুন। একই সময় বাথানপাড়া গ্রামের আনোয়ারা খাতুন বাড়ির উঠানে কাজ করার সময় তার কিছুদুরে বজ্রপাত ঘটে। এসময় বিকট শব্দে সে অসুস্থ হয়ে পড়ে। গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরীফুল ইসলাম জানান, আহতদের অবস্থা ভাল আছেন। প্রাথমিক চিকিৎসা নিয়ে সুস্থ্য হয়ে সবাই বিা ফিরেছেন।

মেহেরপুর পৌর নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন বর্তমান মেয়র রিটন

মেহেরপুর পৌর সভার নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেলেন বর্তমান মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আজ শুক্রবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভা শেষে এ ঘোষনা দেওয়া হয়। মেহেরপুর পৌরসভায় মনোনয়ন পেতে ১১ জন প্রার্থী আওয়ামী লীগের দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। অপর ১০ জনকে হারিয়ে মাহফুজুর রহমান রিটন মনোনয়ন জয় করেছেন।

মনোনয়নের জন্য অপর আবেদনকারী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, মেহেরপুর শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জয়নাল আবেদীনের সহধর্মিনী তহমিনা খাতুন ও পুত্র তানভীর আহম্দে রানা, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সদস্য সোয়েব রহমান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান রুপক ও মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের দলীয় মনোনয়ন প্রত্যাশীদের নাম আহবান করলে মেহেরপুর জেলার এসব নেতা কর্মীরা গত ১১ মে সন্ধ্যা পর্যন্ত ফরম সংগ্রহ করেন। গত বৃহস্পতিবার ১২ মে আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে জমা দেন।
উল্লেখ্য, আগামী ১৫ জুন মেহেরপুর পৌর সভার নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ১৭ মে মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন।

মুজিবনগরে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত সমাজ গঠনের প্রত্যয়ে সেমিনার

“আমিই স্বপ্ন আমিই পৃথিবী”এই মূলসুরকে সামনে রেখে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদ মুক্ত সমাজ গঠনের প্রত্যয় এবং নিজের স্বপ্ন বাস্তবায়িত করার অঙ্গীকার নিয়ে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ডে দিন ব্যাপি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালের দিকে বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ডে সদস্য মি: বাবুল মল্লিক এর উদ্যোগে এবং বল্লভপুর ইয়োথ-কাম কমিউনিটি সেন্টারের আয়োজনে কলেজ পড়ুয়া ছাত্র-ছাত্রীদের নিয়ে বল্লভপুর ইম্মানূয়েল চার্চে দিন ব্যাপি এই সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রুত শোভা মন্ডল, বীর মুক্তিযোদ্ধা ভিন্সেন্ট মন্ডল, বীর মুক্তিযোদ্ধা পটলা মল্লিক, নারীনেত্রী মঞ্জু মল্লিক, ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গনা মন্ডল, সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, ইয়োথ কাম কমিউনিটি সেন্টারের সভাপতি সবুজ মল্লিক।

সেমিনারে আমন্ত্রিত অতিথিবৃন্দ পর্যায়ক্রমে ছাত্র-ছাত্রীদের মাঝে সমাজ উন্নয়নমূলক এবং নিজেদের স্বপ্ন বাস্তবায়িত করার জন্য বিভিন্ন বিষয়ের উপর আলোচনা করেন।দিন ব্যাপি পর্যায় ক্রমে আলোচনা করেন।

ট্রান্সকম কোম্পানির ফাইনান্স একাউন্টস অফিসার মিস্টার টুটুল মন্ডল, বল্লভপুর মিশন হাসপাতালে এডমিন আলফ্রেড বিনিময় বিশ্বাস, যুবনেতা হাসানুজ্জামান লালটু এসময় উপস্থিত ছিলেন।

এ সময় অন্যান্যদের মধ্যে চার্চ কমিটির সদস্য সদস্যাবৃন্দ এবং কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ সহসেমিনারে ৭০ জন কলেজ পড়ুয়া

ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন।

মুজিবনগরে ভাইকে খুঁজতে গিয়ে লাশ হয়ে বাড়ি ফিরলেন বোন। আহত ছেলে

রাগ করে বাড়ি ছেড়ে চলে যাওয়া ভাইকে খুঁজতে গিয়ে লাশ হয়ে বাড়ি ফিরলেন নিলুফা ইয়াসমীন (৩৫) নামের এক গৃহবধু। এ দূর্ঘটনায় আহত হয়েছেন তার পুত্র আলগামন চালক হাসান (১৬)।

আজ শুক্রবার (১৩ মে) সকালের দিকে মেহেরপুর-মুজিবনগর প্রধান সড়কের গৌরীনগর কবরস্থানের নিকট এই দুর্ঘটনাটি ঘটে।

নিহত নিলফা মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের নাজিরাকোনা গ্রামের আনোয়ারুল ইসলামের মেয়ে এবং মেহেরপুর সদর উপজেলা পিরোজপুর গ্রামের উসমান হোসেনের স্ত্রী।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে নিহত নিলুফার ইয়াসমীনের ভাই আলামিন হোসেন পারিবারিক কলহের জের ধরে রাগ করে বাড়ি থেকে চলে যাযন। তার ভাই কে খুঁজতে শুক্রবার ভোরে নিলুফা ও তার ছেলে হাসান নিজেদের স্যালো ইঞ্জিন চালিত নসিমনে করে মেহেরপুরে দিকে যাচ্ছিল। নসিমন চালাচ্ছিলেন তার ছেলে হাসান ।

মেহেরপুর-মুজিবনগর সড়কের করে গৌরীনগর কবরস্থানের নিকট পৌছানো মাত্রই নছিমনটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর উল্টে যায়। এতে মা ও ছেলে মারাত্বক আহত হযন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সেখানে নিলুফার অবস্থা আশকাজনক হওয়ায় তাকে মেহেরপুর সদর হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক। দুপুরের দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

দুর্ঘটনার বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল জানান, দুর্ঘটনার খবর পেয়ে সেখানে পুলিশ পাঠানো হয় এবং

লাশ পুলিশ হেফাজতে নেওয়া হয়। তারা নিজেরাই দুর্ঘটনায় পতিত হয়েছে এবং পরিবারে কোনো অভিযোগ না থাকায় তাদের সাথে লিখিত নিয়ে লাশ পরিবারের হেফাজতে দেওয়া হয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত মৃত্যের লাশ তার পিতার বাড়ি মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের বরস্থানের বাদ জুম্মা দাফন করা হয়েছে।

গাংনীতে মোটরাসাইকেলের ধাক্কায় বাইসাইকেল থেকে পড়ে শিশু আহত

গাংনী উপজেলার জুগিরগোফা সড়কের বানিয়াপুকুর কলেজের সামনের রাস্তায় মোটরাসাইকেলের ধাক্কায় সাইকেল থেকে রাস্তার উপর পড়ে রাসেল আহম্মেদ (১০) নামের এক শিশু মারাত্বক আহত হয়েছে।
অঅহত রাসেল আহম্মেদ গাংনী উপজেলার কাষ্টদহ গ্রামের সরোয়ার হোসেনের ছেলে ও স্থানীয় কাষ্টদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্র।
আজ শুক্রবার (১৩ মে) সকাল ৯ টার দিকে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত রাসেল জানান, আমি নানা বাড়িতে বেড়াতে এসে সাইকেল নিয়ে রাস্তায় একটু ঘুরতে বেরিয়েছিলাম। রাস্তার উপরে উঠতেই বানিয়াপুকুর গ্রামের যুবক আরিফ হোসেন দ্রুতগামী মোটরসাইকেল নিয়ে এসে ধাক্কা মারে। এসময় শিশু রাসেল তার বাইসাইকেল থেকে পড়ে যায়। মোটরসাইকেলের ধাক্কায় শিশু রাসেলের ডান হাতের মাসলের মাংস খুলে পড়ে যায়। রাসেল আহম্মেদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান কর্মরত চিকিৎসক।

গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ জানান শিশুটির ডান হাতের মাসলের মাংস খসে গেছে। তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া

মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনীতে রাস্তার পাশে গোবরের সার গাদা মোটরসাইকেলের চাঁকা পিচলে পড়ে স্কুল ছাত্র আহত

মানুষ চলাচলের রাস্তার পাশে সার গাদায় মোটরসাইকেলের চাকা উঠে নিয়ন্ত্রণ হারিয়ে বিপ্লব হোসেন (১৫) নামের এক স্কুল ছাত্র মারাত্বক আহত হয়েছে।
আহত বিপ্লব হোসেন গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের আনেছ উদ্দীনের ছেলে ও স্থানীয় জুগিরগোফা মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেনীর ছাত্র।

আজ শুক্রবার (১৩ মে) সকাল সাড়ে ৯ টার দিকে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত বিপ্লব হোসেনের বাম পায়ের মালা উপড়ে গেছে বলে জানিয়েছেন গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ। বিপ্লব হোসেনকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত বিপ্লব হোসেন জানান, মোটরসাইকেল নিয়ে রাস্তায় উঠতে সামনে বিদ্যুৎচালিত পাখি ভ্যান দেখতে পাই। তাকে সাইড দিতে গিয়ে রাস্তার পাশে থাকা গরুর গাড়ির সাথে ধাক্কা খেয়ে গোবরের সার গাদার উপর মোটরসাইকেলের চাকা উঠে যায়। নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে গিয়ে বাম হাটুর মালার উপরের মাংস খুলে পড়ে যায়। এছাড়া মালার হাড়ে ক্ষত হয়েছে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা নিয়ে আসে। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক।

আহত বিপ্লব হোসেন জানান, মোটরসাইকেল নিয়ে রাস্তায় উঠতে সামনে বিদ্যুৎচালিত পাখি ভ্যান দেখতে পাই। তাকে সাইড দিতে গিয়ে রাস্তার

পাশে থাকা গরুর গাড়ির সাথে ধাক্কা খেয়ে গোবরের সার গাদার উপর মোটরসাইকেলের চাকা উঠে যায়। নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে গিয়ে বাম হাটুর মালার উপরের মাংস খুলে পড়ে যায়। এছাড়া মালার হাড়ে ক্ষত হয়েছে। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা নিয়ে আসে। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক।

ডা. সোনিয়া আহমেদের বিরুদ্ধে অভিযোগ, তদন্ত কমিটি গঠণ

সরকারী হাসপাতাল নয়, সিজার করার জন্য গাইনী ও প্রসূতি (কনসালটেন্ট) ডা. সোনিয়া আহমেদের মনোনীত ক্লিনিকে নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছিলেন। তার নির্দেশিত ক্লিনিকে না নেয়ায় রোগীর স্বজনদের উপর ক্ষিপ্ত হন এই গাইনী ও প্রসূতি (কনসালটেন্ট)। শুধু ক্ষিপ্তই হননি ডা. সোনিয়া আহমেদ। দিয়েছেন দেখে নেয়াসহ নানা ধরণে হুমকী।

২৫০ সয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালের গাইনী ও প্রসূতি (কনসালটেন্ট) ডা. সোনিয়া আহমেদের বিরুদ্ধে এসব অভিযোগ এনে তত্বাবধায়ক বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন মোছা: খালেদা নামের এক প্রসূতি রোগীর স্বামী মো: হালিম নামের ভূক্তভোগী।
এঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষ তিন সদস্যের তদন্ত কমিটি গঠণ করে ৭ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দেওয়ার নির্দেশ দিয়েছেন।

২৫০ সয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার ডাক্তার আশিষ দেবনাথকে প্রধান করে গঠিত তিন সদস্যের কমিটিতে রয়েছেন আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার মোখলেচুর রহমান ও ডাক্তার শান্তনা (এনেস্থসিয়া)।

আগামী শনিবার থেকে এ তিন সদস্যের তদন্ত কমিটি তদন্ত শেষে করে ৭ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মো: হাসিবুস সাত্তার। এছাড়া ভূক্তভোগীর অভিযোগপত্রটি বিভাগীয়

দপ্তরে পাঠানো হয়েছে। অভিযোগের অনুলিপি মেহেরপুর জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জনকেও দিয়েছেন অভিযোগকারী মো: হালিম।

অভিযোগকারী মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামের মো: হালিম জানান, আমার সন্তান সম্ভাবা স্ত্রী মোছা: খালেদাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের গাইনি বিশেষজ্ঞ ডা. সোনিয়া আহমেদের কাছে দেখানো হয়। ডা. সোনিয়া আহমেদ আমার স্ত্রী দেখার পর তার তত্ত্বাবধানে একটি প্রাইভেট ক্লিনিকে সিজার করার পরামর্শ দেন। আমি অর্থনৈতিকভাবে অস্বচ্ছল হওয়ায় তার নির্দেশিত ক্লিনিকে না গিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালেই সিজার করার জন্য নিয়ে যায়।

সেখানে চলতি বছরের ৭ ফেব্রুয়ারি হাসপাতালের নিয়ম মেনে গাইনি বিশেষজ্ঞ ডা. সোনিয়া আহমেদকে দিয়ে আমার স্ত্রী সিজারিয়ান অপারেশন করানো হয়। অপারেশন থিয়েটারে ঢোকার আগেই ডা. সোনিয়া আহমেদ আমাদের হুমকি দিয়ে বলে, তোদের দেখে নেব, তোরা ওপরে ফোন দিয়ে আমাকে দিয়ে জোর করে হাসপাতালে সিজার করাচ্ছিস। আমি যে সিজার করাতে বললাম সেখানে করলি না, বাড়ি যা বুঝতে পারবি। সিজারের কিছুদিন পর থেকেই আমার স্ত্রী অসুস্থ হয়ে পড়েন। পেটে জ্বালা যন্ত্রণা অনুভব করতে থাকে। পরে ডা. সোনিয়া আহমেদের কাছে পুনরায় নিয়ে গেলে ১৪ মার্চ তিনি আবারও হাসপাতালে ভর্তি করিয়ে নেন। সিজারের স্থানে ইনফেকশন হয়েছে বলে জানান তিনি। পরে আমার স্ত্রীকে হাসপাতালে পুনরায় অপারেশন করেন।দ্বিতীয়বার অপারেশন করার পর সেলাই না করে ১২ দিন হাসপাতালে রাখেন ডাক্তার সোনিয়া। আমাদের রোগীকে দেখার জন্য তাকে বারবার অনুরোধ করলেও দেখতে দেইনি সে। রোগীকে সেলাই না দিয়েই ফেলে রাখে তাকে। আমরা রোগীকে আল্ট্রাসনো করতে চাইলেও সে তা করতে দেইনি আমাদের। রোগীকে ছাড়পত্রও দেননি তিনি। অপারেশনের ১২দিন পর সেলাই করেন ডাক্তার সোনিয়া।

হালিম আরো অভিযোগ করে বলেন, যন্ত্রণায় কাতর রোগী খালেদা জানান, সিজার করার এক সপ্তাহ পর থেকে শুরু হয়েছে পেটে জ্বালা- যন্ত্রণা। আমি অসহায় দিন মজুর। এখন আমার স্ত্রীকে চিকিৎসা করাতে পারছিনা। তিনি এই অর্থলোভি গাইনি বিশেষজ্ঞ সোনিয়া আহমেদের বিচার দাবী করেন।

এ ব্যাপারে অভিযুক্ত গাইনী ও প্রসূতি (কনসালটেন্ট) ডা. সোনিয়া আহমেদের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার এ্যাসিষ্টেন্ট পরিচয় দিয়ে জিনারুল ইসলাম জানান, ম্যাডাম এখন রোগী দেখছেন। ১০

মিনিট পরে কথা বলেন। ১০ মিনিট পর একাধিকবার কল দিলেও ডাক্তার সোনিয়া আহামেদের ফোন রিসিভ হয়নি।

গাংনীর সাহেবনগরে বড় ভাইয়ের হামলায় ছোট ভাই জখম

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামে পাওনা টাকা নিয়ে দ্বন্দ্বের জের ধরে বড় ভাই ও তার প্রবাস ফেরত ছেলের বল্লমের (ফলার) আঘাতে ছোট ভাই আবুল বাসার ওরফে বিশু মালিথা মারাত্নক জখম হয়েছে।

গুরুতর আহত বিশু মালিথা সাহেবনগর গ্রামের হাইস্কুল পাড়ার মৃত রেজাউল হক মালিথার ছেলে। বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে সাহেবনগর গ্রামে এ হামলার ঘটনা ঘটে। বিশু মালিথা

স্থানীয়রা জানান, বিশু তার বড় বল্টু মালিথার ছেলে বিজয় আলীকে বিদেশ যাওয়ার সময় ধার হিসাবে টাকা দিয়েছিলেন। কয়েকদিন পূর্বে ওই পাওনা টাকা বল্টুর সাথে চাইতে গিয়ে ঝগড়া-বিবাদে জড়িয়ে যান বিশু।

এক পর্যায়ে বল্টুর স্ত্রীর সাথে হাতাহাতি হয় বিশুর। সম্প্রতি বল্টুর ছেলে বিজয় আলী বাড়ি ফেরেন। বৃহস্পতিবার সন্ধ্যায় বল্টু ও তার ছেলে প্রবাস ফেরত বিজয় প্রতিশোধ নিতে বিশুর সাথে বাকবিতন্ডায় জড়িয়ে পড়েন।

এসময় পাশে থাকা হাসুয়া দিয়ে বল্টু ও তার ছেলে বিজয় ফলা দিয়ে আঘাত করে। স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। এসময় তার শারীরিক অবস্থা মুমূর্ষ হওয়ায় কর্তব্যরত ডাক্তার তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান,খবর পেয়ে পুলিশের একটিদল ঘটনাস্থলে পৌঁছেছে । অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে হুইল চেয়ার বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন পরিষদের উন্নয়ন তহবিল (২০২১-২২) অর্থবছরে অসহায় ও পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহাম্মদ আলম হুসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

কাজিপুর ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য ফারুক আহমেদ, ২নং ওয়ার্ডের সদস্য ফুলচাঁদ আলী, ৩নং ওয়ার্ডের সদস্য আজিজুল ইসলাম, ৪নং ওয়ার্ডের সদস্য হেলাল উদ্দিন, ৫ নং ওয়ার্ডের সদস্য আলিউল আজিম শাহিন, ৬ নং ওয়ার্ডের সদস্য মহিবুল ইসলাম, ৭ নং ওয়ার্ডের সদস্য মহন আলী, ৮ নং ওয়ার্ডের সদস্য সাইদুল ইসলাম, ৯ নং ওয়ার্ডের সদস্য রেজাউল ইসলাম। এছাড়াও সংরক্ষিত নারী সদস্য রেখা খাতুন, মনোয়ারা বেগম, নার্গীস আক্তার সহ বিভিন্ন মহলের ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ইউনিয়নের ৮ জন অসহায় ও পঙ্গু পরিবারের মাঝে উক্ত হুইল চেয়ার বিতরণ করা হয়।

মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক হিসেবে নিয়োগ পেলেন জুলফিকার আলী কানন

মেহেরপুরের একমাত্র ও জনপ্রিয় পত্রিকা মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন।

আজ বৃহস্পতিবার (১২ মে) থেকে আনুষ্ঠানিকভাবে মেহেরপুর প্রতিদিনে বার্তা সম্পাদক হিসেবে যোগদান করেন।
জুলফিকার আলী কানন জনপ্রিয় অনলাইন পোর্টাল বাংলানিউজের মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন। এর আগে তিনি স্যাটেলাইট টিভি চ্যানেল ও বিভিন্ন প্রিন্ট পত্রিকাতে মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কাজ করেছেন।
আজ মেহেরপুর প্রতিদিনের কার্যালয়ে সম্পাদক ইয়াদুল মোমিন ও ব্যবস্থাপনা সম্পাদক মাহবুব চান্দু তাকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন।
সাংবাদিক জুলফিকার আলী কানন, গান, কবিতা ও গল্প লিখছেন।